গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**সিনিয়র জেল সুপারের কার্যালয়**
সিলেট কেন্দ্রীয় কারাগার-১
www.prison.sylhet.gov.bd

# “ নোটিশ ”

**বরাতঃ জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট (গোপনীয় শাখা) এর স্মারক নং-০৫.৪৬.৯১০০.০০১.০৩.০০১২২.৪৩০ তারিখ ২৯.১০.২০২২ খ্রিঃ।**

বরাতোক্ত স্মারকপত্র মোতাবেক সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৭.১১.২০২২ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ০৮.০০ ঘটিকার সময় **বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট মহোদয়,** সিলেট কেন্দ্রীয় কারাগার-১ পরিদর্শন করবেন। পরিদর্শকালীন সময়ে কারাভ্যন্তর ও বাহিরের সমগ্র কারা এলাকায় যথাযথভাবে স্বাস্থ্য বিধি নিশ্চিত করা, সুষ্ঠু বন্দী ব্যবস্থাপনা, কারাভ্যন্তর ও বাহিরে প্রয়োজনীয় সার্বিক নিরাপত্তা বিধান, কারাগার পরিষ্কার-পরিচ্ছন্নতা, সশস্ত্র অভিবাদন প্রদানের প্রস্তুতি, ভিতর-বাহিরে গুদাম , কারাভ্যন্তরে কারা হাসপাতাল ও রন্ধনশালার সার্বিক পরিষ্কার পরিচ্ছন্নতা, প্রয়োজনীয় যাবতীয় নথি-পত্র প্রস্তুত রাখা ও চাওয়া মাত্র উপস্থাপন, প্রয়োজনীয় তথ্যাদি নির্ভূলভাবে প্রস্তুত রাখা, অস্ত্রাগার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা, কারারক্ষী ব্যারাক ও আবাসিক এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখাসহ পরিদর্শনকালীন সময়ে নিজ নিজ যাবতীয় কার্যক্রম কোন প্রকার ব্যত্যয় ছাড়া সঠিক ও সুন্দরভাবে উপস্থাপন/সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো। সকলকে মাস্ক পরিধানসহ ইউনিফর্মধারীদের পরিচ্ছন্ন ও পরিপাটি পোশাক পরিধানেরও নির্দেশ দেয়া হলো। পরিদর্শনকালে কোন অনাকাংক্ষিত পরিস্থিতির সৃষ্টি হলে দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক কঠোর বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২.১১.২০২২
(মুহাম্মদ মঞ্জুর হোসেন)
বিজে-০১৮০১১০০৫১৪
সিনিয়র জেল সুপার (ভারপ্রাপ্ত)
সিলেট কেন্দ্রীয় কারাগার-১।
E-mail:jailsylhet@gmail.com